

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেলপথ মন্ত্রণালয়

প্রশাসন-৬ শাখা

www.mor.gov.bd

নম্বর- ৫৪.০০.০০০০.০৪১.১৮.০০১.২৪.৪০

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩৩
২৪ মে ২০২৬

পরিপত্র


বিষয়: বাংলাদেশ রেলওয়ের যাত্রীসেবায় ৬৫ বয়সোর্ধ্ব ও শারিরিক প্রতিবন্ধী যাত্রীদের জন্য নির্ধারিত ভাড়ার ওপর ছাড় প্রদান।

সরকার রেল পরিবহন ব্যবস্থাকে অধিকতর জনবান্ধব, সহজলভ্য ও অন্তর্ভুক্তিমূলক করার লক্ষ্যে বাংলাদেশ রেলওয়েতে ভ্রমণের ক্ষেত্রে প্রতিবন্ধী ও ৬৫ (পয়ষট্টি) বছর ও তদূর্ধ্ব বয়স্ক ব্যক্তির টিকিট ক্রয়ের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে টিকিট মূল্যের ওপর ২৫% ছাড় প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে:

ক্র.নং	শর্তসমূহ	
	৬৫ (পয়ষট্টি) বছর বা এর অধিক বয়স্ক ব্যক্তি	প্রতিবন্ধী ব্যক্তি
১	ব্যক্তির বয়স অবশ্যই ৬৫ বছর বা তদূর্ধ্ব হতে হবে, যা জাতীয় পরিচয়পত্র (NID) ডেটা হতে স্বয়ংক্রিয়ভাবে নির্ধারিত হবে।	রেল ভ্রমণের ক্ষেত্রে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন 'সুবর্ণ' পরিচয়পত্রধারী প্রতিবন্ধী ব্যক্তিগণকে এ সুবিধার আওতায় রাখা হবে।
২	শুধুমাত্র ভিত্তি মূল্যের ওপর ২৫% ছাড় প্রযোজ্য হবে। অন্যান্য চার্জ (যেমন: সার্ভিস চার্জ, ভ্যাট ইত্যাদি) বিদ্যমান নিয়ম অনুযায়ী প্রযোজ্য হবে।	আন্তঃনগর ট্রেনের সুলভ/শোভন শ্রেণীতে এবং যেসব ট্রেনে সুলভ/শোভন শ্রেণী নাই সেসব ট্রেনে শোভন চেয়ার শ্রেণীর মোট ভাড়ার ওপর বিদ্যমান সুবিধা অনুযায়ী ৫০% এবং নতুন করে সকল শীতাতপ শ্রেণীতে ২৫% ছাড়/ রেয়াত প্রদান করা হবে। অন্যান্য চার্জ (যেমন: সার্ভিস চার্জ, ভ্যাট ইত্যাদি) বিদ্যমান নিয়ম অনুযায়ী প্রযোজ্য হবে।
৩	এই ছাড় সুবিধা অনলাইন এবং কাউন্টার টিকিটিং—উভয় মাধ্যমেই প্রযোজ্য হবে।	এই ছাড় সুবিধা আপাতত: স্টেশন কাউন্টারে টিকিট ইস্যুর ক্ষেত্রে প্রযোজ্য হবে। তবে ভবিষ্যতে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সঙ্গে প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন সাপেক্ষে পরিচয়পত্রধারী প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বাংলাদেশ রেলওয়ের অনলাইন টিকিট ইস্যুর ব্যবস্থা গ্রহণ করা হবে।
৪	ব্যবহারকারীকে অবশ্যই বাংলাদেশ রেলওয়ের সিস্টেমে নিবন্ধিত হতে হবে এবং জাতীয় পরিচয়পত্র (NID) ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে।	পরিচয়পত্রধারী প্রতিবন্ধী ব্যক্তির সহযাত্রীর জন্য নিয়মিত ভাড়া প্রযোজ্য হবে।
৫	একজন ৬৫ (পয়ষট্টি) বছর বা তদূর্ধ্ব বয়স্ক ব্যক্তিকে প্রতি সপ্তাহে সর্বোচ্চ ২ (দুই) বার ২৫% ছাড় সুবিধা প্রদান করা হবে। এ ক্ষেত্রে সপ্তাহ গণনা যাত্রার তারিখ অনুযায়ী নির্ধারিত হবে।	

৬	যদি কোনো ডিসকাউন্টেড টিকিট রিফান্ড করা হয়, তাহলে সেই অর্ডারটি সাপ্তাহিক গণনা থেকে বাদ যাবে এবং ব্যবহারকারী একই সপ্তাহে পুনরায় ছাড় পাওয়ার যোগ্যতা অর্জন করবেন।	
৭	যদি কোনো ৬৫ (পয়ষট্টি) বছর বা তদূর্ধ্ব বয়স্ক ব্যক্তি সহযাত্রীসহ বুকিং করেন, সে ক্ষেত্রে— <ul style="list-style-type: none"> • সহযাত্রীর জন্য নিয়মিত ভাড়া প্রযোজ্য হবে। • যদি সহযাত্রীও ৬৫ (পয়ষট্টি) বছর বা তদূর্ধ্ব বয়স্ক ব্যক্তি হন, তাহলে প্রতি বুকিংয়ে সর্বোচ্চ ১ (এক) জন অতিরিক্ত ৬৫ (পয়ষট্টি) বছর ও তদূর্ধ্ব বয়স্ক ব্যক্তি (সহযাত্রী) ডিসকাউন্ট প্রাপ্য হবেন। তবে সংশ্লিষ্ট সহযাত্রীকে নিজস্ব নিবন্ধিত মোবাইল নম্বর দিয়ে আলাদাভাবে ভেরিফাইড হতে হবে। 	

০২। আগামী ২৫ মে ২০২৬ তারিখ হতে এ পরিপত্র কার্যকর হবে।


(দিপন দেবনাথ) ২৪/৫/২০২৬

সিনিয়র সহকারী সচিব

+৮৮০১৩২৫-০৮৭৩৬৩

admin6@mor.gov.bd

বিতরণ:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা;
২. সচিব, অর্থ বিভাগ/ সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা;
৪. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ/ অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা;
৫. মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৭. সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৮. উপ-পরিচালক, বাংলাদেশ ফর্মস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশ এবং গেজেটের ১০০ (একশত) কপি প্রেরণের অনুরোধসহ);
৯. সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।